ফল (হেমন্ত) 2024 3-K এবং প্রি-K-তে ভর্তির আবেদন-পরবর্তী জরিপের ফলাফল

জবাবদাতা: 2,300

নিচের সারণিগুলো 3-K এবং প্রি-K আবেদনকারীগণ যে ভাষায় কথা বলে এবং বরো অনুযায়ী তুলনা করে জরিপে জবাবদানকারীদের জনসংখ্যাতত্ত্ব (ডেমোগ্রাফিক্স) প্রদর্শন করে। শতকরা হারসমূহ পূর্ণ সংখ্যায় দেখানো হয়েছে।

ভাষা	জরিপে জবাবদানকারীদের শতকরা হার	3-K ও প্রি-K-তে ভর্তির আবেদনকারীদের পছন্দের বাড়ির ভাষা
আরবি	<1%	<1%
বাংলা	1%	1%
চাইনিজ	9%	4%
ইংরেজি	66%	80%
ফ্রেঞ্চ	<1%	<1%
হেশিয়ান ক্রিওল	<1%	<1%
কোরিয়ান	<1%	<1%
রাশিয়ান	1%	2%
স্প্যানিশ	23%	12%
উর্দু	<1%	<1%

বরো	জরিপে জবাবদানকারীদের শতকরা হার	3-K ও প্রি-K-তে ভর্তির আবেদনকারীদের বাড়ি যে বরোতে অবস্থিত
ব্রংক্স	16%	16%
ব্রুকলিন	29%	33%
ম্যানহাটান	12%	12%
কুইন্স	37%	32%
স্ট্যাটেন আইল্যান্ড	6%	7%

জরিপের প্রশ্ন এবং ফলাফল

প্রশ্ন1 - আপনার সাথে শিক্ষার্থীর সম্পর্ক কী? (মোট জবাবদানকারী 1,086 জন)।

	শতাংশ
পিতামাতা/অভিভাবক	99%
অন্যান্য	1%

প্রশ্ন2: আপনি যদি NYC পাবলিক স্কুলস্-এর মাধ্যমে একটি ভার্চুয়াল এলেমেন্টারি স্কুল বিষয়ক তথ্য অধিবেশনে যোগ দিয়ে থাকেন, তবে আপনার কী সেটা সহায়ক মনে হয়েছে? (মোট জবাবদানকারী 2,089 জন)।

	শতকরা হার
হ্যাঁ	26%
কিছুটা	8%
না	8%
আমি কোনো ভার্চুয়াল এলিমেন্টারি স্কুল বিষয়ক তথ্য অধিবেশনে যোগ দেইনি	55%

প্রশ্ন3: আপনার অগ্রাধিকারের ভাষাতে আপনাকে আবেদন প্রক্রিয়া বুঝতে পারায় সহায়তা দেয়ার জন্য NYC পাবলিক স্কুলস্ যেসব উপকরণ প্রদান করেছে সেগুলোর মান সম্পর্কে আপনি কতটুকু সন্তুষ্ট ছিলেন? (মোট জবাবদানকারী 680 জন)।

	শতকরা হার
খুব সন্তুষ্ট	51%
সন্তুষ্ট	43%
সন্তুষ্টও না আবার অসন্তুষ্টও না	5%
অসন্তুষ্ট	1%
খুবই অসন্তুষ্ট	0.15%

প্রশ্ন4: আপনি NYC পাবলিক স্কুলস্ ছাড়া অন্য কোনও ধরনের (যেমন, চার্টার বা প্রাইভেট) স্কুলে আবেদন করেছিলেন কি? যদি তাই হয়, কোন কোন ধরনের স্কুলে আপনি আবেদন করেছিলেন? (মোট জবাবদানকারী 1,140 জন)।

	শতকরা হার
না, আমি শুধু মাইস্কুলস্-এ তালিকাভুক্ত প্রোগ্রামে আবেদন করেছি।	90%
হ্যাঁ, আমি চার্টার স্কুলগুলোতে আবেদন করেছি।	3%
হ্যাঁ, আমি প্রাইভেট/ইন্ডিপেনডেন্ট স্কুলে আবেদন করেছি (ধর্মীয় নয়)।	4%
হ্যাঁ, আমি প্যারোকিয়াল/ধর্মীয় প্রাইভেট স্কুলে আবেদন করেছি	2%
অন্যান্য (জবাব দেয়ার জন্য উন্মুক্ত)	4%

প্রশ্ন4A- আপনি কেন এই স্কুলগুলোতেও আবেদন করেছেন, তা জানাবেন কি? ***(প্রযোজ্য সবগুলোতে টিক চিহ্ন দিন)*** (মোট জবাবদানকারী 221 জন। শুধু সেসব জবাবদানকারীর জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা 4 নং প্রশ্নে 'হ্যাঁ' উত্তর দিয়েছেন।)

	শতকরা হার
স্কুলের মান	48%
আমার সন্তান শীর্ষ পছন্দের একটি NYC পাবলিক স্কুলগুলোর একটি থেকে অফার না পেলে বিকল্প সুযোগ	35%
স্কুলের ঠিকানা	54%
নিরাপত্তাজনিত উদ্বেগ	18%
আমার সন্তান এবং/অথবা তার ভাই বা বোন বর্তমানে স্কুলটিতে পড়ছে	17%
অন্যান্য	24%

প্রশ্ন5 - স্কুল কোয়ালিটি স্ন্যাপশট (এক নজরে স্কুলের মান) পরিবারদেরকে প্রতিটি স্কুলের অবস্থা ও কার্য-সম্পাদনার ফলাফলের উপর একটি সংক্ষিপ্তসার প্রদান করে। আপনি জানেন কি যে এই রিপোর্টটি যে মাইস্কুলস্ ডিরেক্টরি দেখা যায়? (মোট জবাবদানকারী 1,892 জন)।

	শতকরা হার
হ্যাঁ	61%
না	39%

প্রশ্ন5A: এই উপকরণটি আপনার কাছে কতটুকু সহায়ক ছিল? (শুধু তাদের জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা 5 নং প্রশ্নে 'হ্যাঁ উত্তর দিয়েছেন। মোট জবাবদানকারী 1,153 জন)।

	শতকরা হার
অত্যন্ত সহায়ক	46%
সহায়ক	35%
মোটামুটি	12%
সহায়ক নয়	2%
একেবারেই সহায়ক নয়	1%

প্রশ্ন6 - 3-K এবং প্রি-K-তে ভর্তির জন্য তিন ধরনের আসন রয়েছে (স্কুল ডে (স্কুল দিবস), হেড স্টার্ট, এবং এক্সটেনডেড ডে অ্যান্ড ইয়ার (দীর্ঘায়িত দিবস ও বছর))। আপনি জানেন কি যে এক্সটেনডেড ডে অ্যান্ড ইয়ার (দীর্ঘায়িত দিবস ও বছর) এবং হেড স্টার্ট আসনগুলোর জন্য কিছু আয় ও চাহিদাভিত্তিক যোগ্যতার শর্তাবলী প্রযোজ্য? (মোট জবাবদানকারী 1,851 জন)।

	শতকরা হার
হ্যাঁ	64%
না	36%

প্রশ্ন6A - আপনার শিক্ষার্থীর আবেদনপত্রে অন্তর্ভুক্তির জন্য স্কুল বেছে নেয়ার সময় এই তথ্য বিবেচনা করেছিলেন কি? (মোট জবাবদানকারী 1,163 জন)।

	শতকরা হার
হ্যাঁ	73%
না	27%

প্রশ্ন6B - আপনি কোত্থেকে প্রযোজ্য যোগ্যতার শর্তাবলী সম্পর্কে জেনেছেন? প্রযোজ্য সবগুলো বেছে নিন। (শুধু সেসব জবাবদানকারীর জন্য অন্তর্ভুক্ত, যারা প্রশ্ন 6B-এ 'হ্যাঁ' উত্তর দিয়েছে। মোট জবাবদানকারী 1,164 জন)।

	শতকরা হার
মাইস্কুলস্ ডিরেক্টরি	58%
NYC পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইট	38%
এলিমেন্টারি স্কুলে ভর্তি বিষয়ক অনুষ্ঠানসমূহ	9%
ইমেইলের মাধ্যমে যোগাযোগ	13%
3-K/প্রি-K স্কুলের স্টাফ	25%
মুখের কথা	24%
অন্যান্য	7%

প্রশ্ন6C - এক্সটেনডেড ডে অ্যান্ড ইয়ার (দীর্ঘায়িত দিবস ও বছর) এবং হেড স্টার্ট আসনগুলোর জন্য প্রযোজ্য যোগ্যতার শর্তের কথা কীভাবে জানতে পারলে আপনার ভালো লাগতো? প্রযোজ্য সবগুলো বেছে নিন (মোট জবাবদানকারী 672 জন)।

	শতকরা হার
ইমেইলের মাধ্যমে যোগাযোগ	75%
মাইস্কুলস্ ডিরেক্টরি	43%
NYC পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইট	28%
এলিমেন্টারি স্কুলে ভর্তি বিষয়ক অনুষ্ঠানসমূহ	13%
অন্যান্য	7%

প্রশ্ন7 - মাইস্কুলস্ ডিরেক্টরিতে বিভিন্ন ফিল্টার আছে যা ব্যবহারকারীদেরকে ঠিকানা, কাঠামোর ধরণ, এবং অন্যান্য বৈশিষ্ট্য অনুযায়ী প্রোগ্রাম দেখার সুযোগ দেয়। আপনি প্রোগ্রামের বিকল্পগুলো খোঁজ করার সময় সেসব ফিল্টার ব্যবহার করেছেন কি? (মোট জবাবদানকারী 1,813 জন)।

	শতকরা হার
হ্যাঁ	77%
না	23%

প্রশ্ন7A - আপনার শিক্ষার্থীর আবেদনপত্রে অন্তর্ভুক্তির জন্য স্কুল বেছে নেয়ার সময় এটা সহায়ক বোধ করেছিলেন কি? (মোট জবাবদানকারী 1,375 জন)।

	শতকরা হার
হ্যাঁ	95%
না	3%
অন্যান্য	3%

প্রশ্ন৪ - প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীদের সহায়তা করার জন্য বিবিধ প্রোগ্রাম ও পরিষেবা লভ্য রয়েছে; স্বাস্থ্যগত সহায়তাসমূহ, ভবনে প্রবেশযোগ্যতা, এবং স্পেশাল এডুকেশন পরিষেবা সহ, এসব প্রোগ্রাম ও পরিষেবার তথ্য মাইস্কুলস্-এ তালিকাভুক্ত আছে। আবেদন প্রক্রিয়া চলাকালে, আপনি এসব প্রোগ্রাম ও পরিষেবা সম্পর্কে মাইস্কুলস্-এ দেয়া তথ্যে সন্তুষ্ট ছিলেন কি? (মোট জবাবদানকারী 1,411 জন)।

	শতকরা হার
খুব সন্তুষ্ট	37%
সন্তুষ্ট	50%
সন্তুষ্টও না আবার অসন্তুষ্টও না	10%
অসন্তুষ্ট	1%
খুবই অসন্তুষ্ট	1%

প্রশ্ন৭ - আপনার আগ্রহের প্রোগ্রামগুলো পরিদর্শনের সময়সূচি করা ও পরিদর্শন করা কতটুকু সহজ ছিল? (মোট জবাবদানকারী 1,731 জন)।

	শতকরা হার
খুব সহজ	22%
সহজ	28%
সহজও নয় আবার কঠিনও নয়	15%
কঠিন	5%
খুব কঠিন	1%
আমি কোনো ওপেন হাউসে বা পরিদর্শনে যাইনি	29%

প্রশ্ন9A - আপনি কীভাবে আপনার আগ্রহের প্রোগ্রামগুলো পরিদর্শনের সময়সূচি করেছিলেন? প্রযোজ্য সবগুলো বেছে নিন। (মোট জবাবদানকারী 1,706 জন)।

	শতকরা হার
মাইস্কুলস্ অনুষ্ঠান বিষয়ক ক্যালেন্ডার	23%
স্কুলে সরাসরি ইমেইল বা ফোন করে	30%
হঠাৎ উপস্থিত হওয়া (ওয়াক-ইন)	10%
অন্যান্য	6%
আমি কোনো ওপেন হাউসে বা পরিদর্শনে যাইনি	31%

প্রশ্ন9B - মাইস্কুলস্ স্কুলগুলোকে তাদের ডিরেক্টরি পেজ-এ তাদের ওপেন হাউস/পরিদর্শন বা ট্যুরের সময়সূচি তালিকাবদ্ধ করার সুযোগ দেয়। আপনি কি চান আরো স্কুল তাদের ওপেন হাউস/পরিদর্শন বা ট্যুর-এর তথ্য তাদের মাইস্কুলস্ পেজ-এ তালিকাবদ্ধ করুক? (মোট জবাবদানকারী 1,690 জন)।

	শতকরা হার
হ্যাঁ	88%
না	7%

প্রশ্ন10 - পরিবারেরা যখন এলেমেন্টারি স্কুলের অফার গ্রহণ করবে, তখন তাদেরকে অবশ্যই রেজিস্ট্রেশনের কাগজপত্র (সন্তানের জন্ম তারিখের প্রমাণ, ঠিকানার প্রমাণ ইত্যাদি) স্কুলটিতে জমা দিতে হবে। আপনি কি এসব নথি আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্টের মাধ্যমে জমা দেয়ার সুযোগ পেতে আগ্রহী হবেন? (মোট জবাবদানকারী 1,680 জন)।

	শতকরা হার
হ্যাঁ	88%
না	12%